

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
সমন্বয় অধিশাখা
www.mole.gov.bd

বিষয়ঃ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত শুদ্ধাচার/উত্তম চর্চা বিষয়ে অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে
মতবিনিময় সভার কার্যবিবরণী।

সভাপতিঃ	শাকিলা জেরিন আহমেদ যুগ্মসচিব (সমন্বয় ও আদালত) ও শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
সভার স্থানঃ	সভাকক্ষ, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
সভার তারিখঃ	২৬ জানুয়ারি, ২০২১ খ্রিস্টাব্দ
সময়ঃ	সকাল ১০.৩০ ঘটিকায়

উপস্থিত কর্মকর্তা/প্রতিনিধিদের নামের তালিকাঃ পরিশিষ্ট 'ক'

সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে আয়োজিত মতবিনিময় সভায় উপস্থিত মন্ত্রণালয়, অধিদপ্তর/দপ্তর/সংস্থার শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, আঞ্চলিক/মাঠ পর্যায়ের কর্মকর্তা ও শিল্প সেক্টরের মালিকপক্ষ এবং শ্রমিকপক্ষের প্রতিনিধিদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতি বলেন, দেশে সুশাসন প্রতিষ্ঠা করে প্রান্তিক জনসাধারণের দোরগোড়ায় সেবা পৌঁছে দিয়ে তাদের জীবনমান উন্নত করার নিমিত্ত বর্তমান সরকার নিরলসভাবে কাজ করে যাচ্ছে। মালিক-শ্রমিক অধিকার সুরক্ষার লক্ষ্যে এ মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তরসমূহ নানাবিধ কার্যক্রম পরিচালনা করছে। মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার মাধ্যমে নাগরিক সেবা নিশ্চিত করা হয়ে থাকে। তিনি আরো বলেন, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এবং জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১ মোতাবেক সিটিজেন চার্টার ও উত্তম চর্চা বাস্তবায়নে অংশীজনের অংশ গ্রহণে আয়োজিত সভা অত্যন্ত গুরুত্বপূর্ণ। সভাপতি দপ্তর/সংস্থার সিটিজেন চার্টার দৃশ্যমান জায়গায় স্থাপনের বিষয়ে অভিমত ব্যক্ত করেন।

২। অতঃপর সভাপতির অনুমতিক্রমে শুদ্ধাচার বিষয়ক বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা উপসচিব জনাব মোঃ মহিদুর রহমান আলোচ্যসূচি অনুযায়ী তথ্যাদি উপস্থাপন করেন। মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার সিটিজেন চার্টার পর্যালোচনায় দেখা যায় দু'একটি ক্ষেত্র ব্যতীত নাগরিক সেবা প্রদান কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়িত হচ্ছে এবং উত্তম চর্চা প্রতিপালিত হচ্ছে। সিনিয়র সহকারী সচিব (সেবা) জনাব মনোয়ারা বেগম জানান, মন্ত্রণালয়ের সিটিজেন চার্টার বাস্তবায়নে কর্মকর্তাদের দায়িত্ব বন্টন করা হয়েছে। সংশ্লিষ্ট কর্মকর্তাগণ সিটিজেন চার্টার বাস্তবায়নের বিষয়টি নিয়মিত তদারকি করছেন।

৩। সভায় অধিদপ্তর/দপ্তর/সংস্থার শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, আঞ্চলিক/মাঠ পর্যায়ের কর্মকর্তা ও শিল্প সেক্টরের মালিকপক্ষ এবং শ্রমিকপক্ষের প্রতিনিধিগণ তাঁদের কার্যালয়ে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত চলমান কার্যক্রম সম্পর্কে অবহিত করেন। মালিকপক্ষের প্রতিনিধি জনাব কাজী রওশন আরা সুমি, নির্বাহী পরিচালক, লেদার গুডস অ্যান্ড ফুটওয়্যার ম্যানুফ্যাকচারারস অ্যান্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ মতবিনিময় সভায় আমন্ত্রণ জানানোর জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন। শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন হতে তার প্রতিষ্ঠানের শ্রমিকদের অনুদান প্রদান এবং প্রশিক্ষণ প্রদানের বিষয়ে সহযোগিতা কামনা করেন। এসকেএস ফ্যাশন লিমিটেড এর ব্যবস্থাপনা পরিচালক জনাব আরিফ উজ্জ্বল জামান বড় ফ্যাক্টরীর পাশাপাশি ছোট ফ্যাক্টরীগুলোর দিকেও গুরুত্ব দেওয়ার বিষয়ে দৃষ্টি আকর্ষণ

অপর পাতায় দ্রষ্টব্য

করেন। শ্রমিক প্রতিনিধিদ্বয় যথাক্রমে এসকেএস ফ্যাশনের জনাব মোঃ খাইরুল ইসলাম এবং এপেক্স ফুটওয়্যার এর জনাব মো: আনিসুর রহমান মতবিনিময় সভায় শ্রমিক প্রতিনিধিদের অংশগ্রহণের ফলে তাদের অধিকার সম্পর্কে সচেতনতা বৃদ্ধি পাবে মর্মে মতামত ব্যক্ত করেন।

সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

(১) সেবাপ্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) অনুযায়ী স্ব স্ব অধিদপ্তর/দপ্তর/সংস্থা সেবাগ্রহীতাদের সেবা প্রদান করবে এবং সেবাগ্রহীতাদের প্রত্যাশানুযায়ী সেবা প্রদানের বিষয়টি নিশ্চিত করতে হবে।

(২) অনলাইন ভিত্তিক অ্যাপ **Labour Inspection Management Application (LIMA)**-এর মাধ্যমে কারখানা ও প্রতিষ্ঠানের লাইসেন্সের আবেদন প্রেরণসহ অন্যান্য কার্যক্রম গ্রহণের লক্ষ্যে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর কর্তৃক সংশ্লিষ্টদের/ অংশীজনদের (stakeholders) অবহিত করতে হবে। এ বিষয়ে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের পাশাপাশি মালিকপক্ষকেও এগিয়ে আসতে হবে।


(৩) শ্রম অধিদপ্তরের আওতাধীন শিল্প সম্পর্ক শিক্ষায়তন (IRI) সহ সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা কর্তৃক প্রশিক্ষণ প্রদানকালে সকল সেক্টরের প্রতিনিধিদের/শ্রমিকদের অন্তর্ভুক্ত করতে হবে।

(৪) কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর কর্তৃক শ্রম আইন, ২০০৬-এর সংশ্লিষ্ট ধারাসমূহের বিষয়ে শ্রমিকদের যথাযথভাবে অবহিত করতে উদ্ধৃদ্ধকরণ সভার আয়োজন করতে হবে। উদ্ধৃদ্ধকরণ সভার নোটিশের অনুলিপি মালিকপক্ষ ও শ্রমিকপক্ষের অ্যাসোসিয়েশনকে অবহিত করতে হবে।

(৫) বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন ও কেন্দ্রীয় তহবিল হতে প্রদত্ত আর্থিক অনুদানের বিষয়টি সংশ্লিষ্ট সকল সেক্টরকে অবহিত করতে হবে।

(৬) দপ্তর/সংস্থার উত্তম চর্চাসমূহ যথাযথ বাস্তবায়ন/প্রতিপালন করতে হবে।

৪। পরিশেষে সিটিজেন চার্টার ও উত্তম চর্চা বাস্তবায়নসহ মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ও জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১ বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করা হয় এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


২৬/১/২০২৩

শাকিলা জেরিন আইমেদ
যুগ্মসচিব (সমন্বয় ও আদালত)

ও

শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।